

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৪.২০০৮-

তারিখঃ ----- খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব মোঃ আবুল খায়ের মিয়া(সাময়িক বরখাস্ত), ডাটা এন্ট্রি অপারেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া পূর্ববর্তী কর্মস্থল-সারিষাবাড়ী, জামালপুরে কর্মকালীন জনতা ব্যাংক তারাকান্দি শাখার বিপরীতে ০২-১২-১৯৯৬ হতে ০৪-৭-২০০০ খ্রিঃ তারিখ পর্যন্ত গ্রুপ এনিমেটরদের নিকট হতে আদায়কৃত ঋণের মোট ৪,৬৪,৭২৭/৫০ টাকা জনতা ব্যাংক তারাকান্দি শাখার সরকারী তহবিলে জমা না দিয়ে জনতা ব্যাংক যমুনা সারকারখানা শাখায় ব্যক্তিগত সঞ্চয়ী হিসাব নং ১৬১০/৭ এ জমা দিয়ে আত্মসাত এবং ০১-৭-২০০১ খ্রিঃ তারিখ হতে অননুমোদিত অনুপস্থিতির অভিযোগে অত্র দপ্তরের ২৭-৩-২০০২ খ্রিঃ তারিখের ৩৯২ সংখ্যক স্মারকে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়;

২। যেহেতু, তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলার যাবতীয় বিধি অনুসরণ করে অভিযুক্ত কর্মচারীকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(সি) ও ৩(ডি) বিধি মোতাবেক ডিজারশন ও দুর্নীতির অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(বি) ধারার বিধান মতে ০২(দুই)টি বার্ষিক বর্ধিত বেতন বৃদ্ধি ০২(দুই) বছরের জন্য স্থগিতকরণ দন্ডারোপের সিদ্ধান্ত হয়;

৩। যেহেতু, অভিযুক্ত কর্মচারী বর্ধিত অভিযোগে দুর্নীতি মামলায় ২৭-০১-২০১১ হতে ০২-০৪-২০১১ পর্যন্ত কারা অন্তরীণ থাকায় আইনী বিধিনিষেধের কারণে উক্ত দন্ডদেশের আদেশ জারী করা হয়নি। ইতোমধ্যে অভিযুক্ত কর্মচারী আত্মসাতকৃত অর্থ জমা করায় এবং অননুমোদিত দন্ডদেশ জারীতে আইনী বাধা না থাকায় নির্ধারিত দন্ডদেশের আদেশ জারীর সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪। এক্ষণে, সেহেতু সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) ধারার বিধান মতে ডাটা এন্ট্রি অপারেটর জনাব মোঃ আবুল খায়ের মিয়া(সাময়িক বরখাস্ত)-এর ০২(দুই)টি বার্ষিক বর্ধিত বেতন বৃদ্ধি ০২(দুই) বছরের জন্য স্থগিতকরণ দন্ড আরোপ করা হলো;

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(আনোয়ারুল করিম)

মহাপরিচালক

ফোন : ৯৫৫৯৩৮৯

তারিখঃ ২৭/২/১৩ খ্রিঃ।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৪.২০০৮- ৫৬

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। পরিচালক(দাঃ বিঃ ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে আদেশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়াকে অভিযুক্তের বিরুদ্ধে আরোপিত শাস্তি তার চাকুরি বহিতে লাল কালিতে লিপিবদ্ধ করতে অনুরোধ করা হলো।
- ০৪। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, জামালপুর।
- ০৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বগুড়া।
- ০৬। উপ-সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, টাঙ্গাইল।
- ০৭। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৮। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, সারিষাবাড়ী, জামালপুর।
- ০৯। জনাব মোঃ আবুল খায়ের মিয়া(সাময়িক বরখাস্ত), ডাটা এন্ট্রি অপারেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া।
- ১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১১। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃঙ্খলা)

ফোন : ৯৫৫১৮৫৯